দৈনিক ইত্তেফাক
29 APR 2017
২৮ ৬

# স্কুলের ছাদ ঢালাইয়ের কাজে নিম্নমানের রড!

■ রায়পুরা (নরসিংদী) সংবাদদাতা

রায়পুরা উপজেলার শ্রীরামপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লক-এর ছাদ ঢালাইয়ের কাজে নিম্নমানের নির্মাণ সামগ্রী ব্যবহারের অভিযোগ উঠেছে। গত বুধবার ওয়াশ ব্লকের ছাদ ঢালাইয়ের প্রস্তুতিকালে নিম্নমানের রড ব্যবহার করতে গেলে স্থানীয়দের চোখে পড়ে।

এসময় স্থানীয়দের চাপের মুখে নির্মাণ শ্রমিকরা দ্রুত রড পরির্বতন করে মন্দের ভালো এমন রড সংযোজন করে ঢালাইয়ের প্রস্তুতি সম্পন্ন করে। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর কর্তৃক জানা যায়, রায়পুরা উপজেলায় পিডিবি-৩ প্রকল্পের অধীনে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ১০টি ওয়াশ ব্লক নির্মাণের কার্যাদেশ পায় মেসার্স স্টাফ ট্রেডার্সের স্বত্বাধিকারী মোঃ জহির আহমেদ। এর মধ্যে শ্রীরামপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় একটি। প্রতিটি ওয়াশ ব্লক নির্মাণ ব্যয় ধরা হয়েছে প্রায় চার লাখ ২০ হাজার টাকা। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মোকসুদুল আলম বলেন, নিম্নমানের রড ব্যবহার করায় আমি ও বিদ্যালয়ের সভাপতি বাধা দেই এবং ইঞ্জিনিয়ারকে বিষয়টি জানালে তিনি এসে রড পরিবর্তন করে দেন।

ঠিকাদার প্রতিষ্ঠানের মালিক মোঃ জহির আহমেদ বলেন, শ্রমিকরা না বুঝে ১০ মিলি রডের পরিবর্তে ৮ মিলি রড ব্যবহার করে ফেলেছিল। পরে তা পরিবর্তন করে দেওয়া হয়েছে। কথা হয় উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তরে সহকারী প্রকৌশলী তৌহিদ আহমেদের স্যাথে। তার কাছে উক্ত কাজের কার্যাদেশের কপি দেখতে চাইলে তার কাছে কোনো কপি নেই বলে জানান এবং বলেন, আমার অনুমতি ছাড়া ঢালাইয়ের প্রস্তুতি সম্পন্ন করার কথা নয়। তবে বিষয়টি আমি দেখছি।